

(একই সারক ও তারিখে স্থলাভিষিক্ত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৪ শাখা

নম্বর:

৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০১.১৭.১১২

তারিখ: ১০ পৌষ ১৪২৪

২৪ ডিসেম্বর ২০১৭

**প্রজ্ঞাপন**

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তা-কে নামের পাশে সময় ও বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীন পিএইচ.ডি (পূর্ণকালীন) কোর্সে অধ্যয়নের জন্য নিম্নবর্ণিত শর্তে তার প্রেরণ মঞ্জুর করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্সের নাম, শিক্ষা বর্ষ, বিশ্ববিদ্যালয়ের নাম ও গবেষণার শিরোনাম	চাহিত প্রেরণের মেয়াদ
০১	জনাব মোঃ বাবুল হোসেন (০২১৭৯৪) প্রভাষক (উদ্ভিদ বিজ্ঞান) দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।	পিএইচ.ডি (পূর্ণকালীন) শিক্ষাবর্ষ: ২০১৬-১৭ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাভার, ঢাকা। গবেষণার শিরোনাম: "Ecological Study on the Vascular Plant Diversity and Soil Nutrient Status of Nobabganj and Birganj National Parks"	০১-১২-২০১৭ তারিখ হতে ৩০-১১-২০২০ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর অথবা দায়িত্ব হস্তান্তরের তারিখ হতে ০৩(তিন) বছর।

শর্তসমূহ:

(ক)	উচ্চ শিক্ষা গ্রহণের অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের/কোর্স পরিচালকের প্রত্যয়নপত্রসহ ০৬(ছয়) মাস অন্তর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করবেন;
(খ)	প্রেরণের মেয়াদ শেষে কর্মস্থলে যোগদান করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করবেন। অন্যথায়, শৃংখলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
(গ)	কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোর্সের বিষয় (Subject) পরিবর্তন করা যাবে না;
(ঘ)	প্রেরণকালীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবেন। সৃষ্ট রিজার্ভ পদের বিপরীতে প্রাপ্যতা অনুযায়ী বেতন-ভাতাদি উত্তোলন করবেন।

এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মুর্শিদা শারমিন  
উপসচিব

নম্বর:

তারিখ: ১০ পৌষ ১৪২৪  
২৪ ডিসেম্বর ২০১৭

৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০১.১৭.১১২/১(৯)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) রেজিষ্ট্রার, .....
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) অধ্যক্ষ, .....
- ৬) জনাব, .....
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,, .....
- ৯) অফিস কপি।



২৪-১২-২০১৭  
মুর্শিদা শারমিন  
উপসচিব